হে আল্লাহ! তুমি আমার ছোট ও বড়, পূর্বের ও পরের সকল প্রকার পাপকে মাফ করে দাও।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদা করার সময় এই দু'আ পড়তেন। অর্থাৎ, হে আল্লাহ! তুমি আমার ছোট ও বড়, পূর্বের ও পরের, প্রকাশিত ও গুপ্ত সকল প্রকার পাপকে মাফ করে দাও।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আবূ হুরায়রাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেজদায় বলতেন—হে আল্লাহ! তুমি আমার ছোট ও বড়, পূর্বের ও পরের, প্রকাশিত ও গুপ্ত সকল প্রকার পাপকে মাফ করে দাও। এটি দো‘আর মধ্যে ব্যাপকতা ও সম্প্রসারণ করার একটি নীতির উদাহরণ। কারণ, দো‘আ হলো ইবাদত। যখন মানুষ তা বার বার বলতে থাকবে তার ইবাদত বাড়তে থাকবে। তারপর সে যখন তা বার বার বলবে, তখণ সে তার প্রকাশ্য ও গোপনীয় সব গুনাহ উপস্থিত করবে। অনুরূপভাবে সে যা গোপন করছে, ছোট গুনাহ ও বড় গুনাহ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংক্ষিপ্ত বর্ণনা করার পর বিস্তারিত বলার এটিই হিকমত। একজন মানুষের জন্য উচিত হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত দো‘আগুলো পড়ার প্রতি বেশি বেশি আগ্রহী হওয়া। কারণ, এ গুলো সর্বাধিক উপকারী ও ব্যাপক অর্থবোধক দো‘আ।

https://sunnah.global/hadeeth/bn/show/5470